অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/18/2022 **গভর্নর ক্যাথি হোকল**

খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য টিউশন সহায়তা কর্মসূচির ঐতিহাসিক 150 মিলিয়ন ডলারের সম্প্রসারণ চালু হতে যাচ্ছে বলে গভর্নর হোকলের ঘোষণা

এই প্রথম বারের মতো প্রতি সেমিস্টারে ছয়টি বা তার বেশি ক্রেডিট গ্রহণকারী খণ্ডকালীন শিক্ষার্থীরা এই শরতকাল থেকে শুরু করে টিউশন সহায়তা কর্মসূচির আওতায় সহায়তা গ্রহণ করতে পারবে

TAP এর সম্প্রসারণের ফলে আনুমানিক 75,000 বাড়তি শিক্ষার্থী সহায়তা পাওয়া উপযুক্ত হবে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক স্টেটের জনপ্রিয় টিউশন সহায়তা কর্মসূচির (Tuition Assistance Program) 150 মিলিয়ন ডলারের ঐতিহাসিক সম্প্রসারণের কথা ঘোষণা করেছেন, যেটি এখন খণ্ডকালীন ভিত্তিতে ডিগ্রি অর্জনে সচেষ্ট আনুমানিক 75,000 বাড়তি শিক্ষার্থীকে TAP প্রদান করবে। পুরোপুরিভাবে খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য খণ্ডকালীন TAP সম্প্রসারণ করা সব বয়সের ব্যক্তিদের জন্য একটি সাশ্রয়ী শিক্ষা অর্জনের পথ তৈরি করবে যারা প্রায় ক্ষেত্রেই পরিবার ও কর্মস্থলের মতো অন্যান্য দায়িত্বের সঙ্গে ভারসাম্য রক্ষা করে শিক্ষা অর্জন করছেন। একজন পূর্ণকালীন শিক্ষার্থীর জন্য পূর্ণকালীন TAP অনুদানের পরিমাণ বছরে 5,665 ডলার পর্যন্ত হতে পারে; খণ্ডকালীন TAP প্রো-রেটিং এর ভিত্তিতে পূর্ণকালীন শিক্ষাগ্রহণের কোনো পূর্বশর্ত ছাড়াই প্রতি সেমিস্টারে ছয় থেকে 11 ক্রেডিট গ্রহণকারী উপযুক্ত শিক্ষার্থীদের প্রদান করা হবে।

"একজন গভর্নর হিসেবে আমি আজ এই স্টেটের জন্য দেখাশোনা করার চেয়েও বেশি কিছু করতে চাই - আমি নিউ ইয়র্ককে আগামীর দিনগুলোর জন্য প্রস্তুত করতে চাই," **বলেছেন গভর্নর হোকল।** "উচ্চ শিক্ষা অর্জনকারী শিক্ষার্থীরা শুধু আমাদের স্টেটেরই নয়, বরং তাদের পরিবারের জন্যও অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটি ডিগ্রি শুধু ডিগ্রি অর্জনকারীর জীবনকেই পাল্টে দেয় না, বরং এটি তাদের আশেপাশের সবার জীবন পাল্টে দেয়। নিউ ইয়র্ককে নিজের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া প্রত্যেক ব্যক্তির নিজেদের উন্নত করার এবং নিজেদের শিক্ষার জন্য বিনিয়োগ করার সুযোগ পাওয়া উচিত। আমার প্রশাসন সম্ভাব্য সকল উপায়ে আমাদের শিক্ষার্থীদের সহায়তা করার জন্য অঙ্গীকারাবদ্ধ রয়েছে এবং এই বিষয়টিকে বাস্তবে রূপদানের জন্য দায়িত্ব পালনকারী আমার অংশীদারদের আমি ধন্যবাদ জানাই।"

2022 সালের শরতকালীন সেমিস্টারে ভর্তি হওয়া শিক্ষার্থীরা ফেডারেল FAFSA আবেদন পূরণ করার মাধ্যমে খণ্ডকালীন TAP এর জন্য আবেদন করতে পারবে। জমা দেওয়ার পর NYS ক্যাম্পাসগুলোতে ভর্তি হওয়া নিউ ইয়র্ক স্টেটের অধিবাসীরা সরাসরি TAP আবেদনের সঙ্গে সংযোগ করতে পারবে। 2022-2023 শিক্ষাবর্ষের জন্য ইতোমধ্যে ভর্তি হয়েছে এবং নিজেদের FAFSA জমা দিয়েছে এমন শিক্ষার্থীদের জন্য ভর্তি হওয়ার ক্রেডিটের সংখ্যার উপর ভিত্তি করে TAP অনুদান স্বয়ংক্রিয়ভাবে সমন্বয় করা হবে।

খণ্ডকালীন TAP এর জন্য উপযুক্ততার শর্ত পূর্ণকালীন TAP অনুদানের সাথে সঙ্গতিপূর্ণ রয়েছে, যার মধ্যে রেসিডেন্সি ও আয় সংক্রান্ত আবশ্যিকতা অন্তর্ভুক্ত রয়েছে। কোনো গ্রহীতাকে TAP অনুদানের অর্থ পরিশোধ করতে হবে না।

নিউ ইয়র্ক স্টেটের TAP দেশের বৃহত্তম চাহিদা-ভিত্তিক কলেজে অধ্যয়নের জন্য আর্থিক সহায়তা প্রদানকারী অনুদান কর্মসূচিগুলোর মধ্যে একটি। TAP এর মাধ্যমে সামগ্রিকভাবে 6 মিলিয়নেরও বেশি নিউ ইয়র্কবাসীকে প্রায় 30 বিলিয়ন ডলারের টিউশন সহায়তা অনুদান প্রদান করা হয়েছে। 2020-2021 একাডেমিক বর্ষে, 250,000 নিউ ইয়র্কবাসীকে 700 মিলিয়ন ডলারেরও বেশি টিউশন সহায়তা অনুদান প্রদান করা হয়েছে।

স্টেট ও ফেডারেল আর্থিক সহায়তার ফলে 190,000 এরও বেশি নিউ ইয়র্কবাসী টিউশন-মুক্ত ভাবে CUNY বা SUNY-তে অধ্যয়ন করছে।

25 থেকে 44 বছর বয়সী প্রায় 2 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর কোনো ডিগ্রি নেই, এবং 45 থেকে 64 বছর বয়সী 2.5 মিলিয়ন ব্যক্তি ডিগ্রিহীন অবস্থায় আছেন। খণ্ডকালীন TAP সম্প্রসারণ করাটা সরকারি উচ্চতর শিক্ষায় বিনিয়োগ করা এবং প্রতিটি শিক্ষার্থীর জন্য অ্যাক্সেস ও সুলভতা উন্নত করার জন্য অধিকতর বিস্তৃত প্রচেষ্টার অংশ, যার মধ্যে SUNY ও CUNY-তে নতুন ফ্যাকাল্টি নিয়োগের জন্য 106 মিলিয়ন ডলার, ভর্তি বৃদ্ধি করার জন্য 100 মিলিয়ন ডলার বরাদ্দকরণ, কারারুদ্ধ ব্যক্তিদের জন্য TAP পুনঃপ্রতিষ্ঠা, ট্রান্সক্রিপ্ট আটকে রাখার রীতি নিষিদ্ধকরণ, এবং সর্বাধুনিক ক্যাপিটাল ফ্যাসিলিটিগুলোতে উল্লেখযোগ্য বিনিয়োগ অন্তর্ভুক্ত রয়েছে।

এছাড়াও নিউ ইয়র্ক 2019 সালে সিনেটর হোসে পেরাল্টার DREAM আইন কার্যকর করেছে, যা কাগজপত্রবিহীন নিউ ইয়র্কবাসীদের ও অন্য শিক্ষার্থীদের-TAP-এর এবং নিউ ইয়র্ক স্টেটের পরিচালনাধীন অন্যান্য অনুদান ও বৃত্তি কর্মসূচির অ্যাক্সেস প্রদান করছে যা তাদের উচ্চতর শিক্ষার ব্যয় বহনে সহায়তা করে। শিক্ষার্থীরা এটি সম্পর্কে এখানে আরো জানতে পারবেন।

SUNY-এর অন্তর্বর্তীকালীন চ্যান্সেলর ডেবোরা এফ. স্ট্যানলি বলেন, "গভর্নর হোকল এবং আমাদের স্টেটের আইনপ্রণেতাদের মধ্যে যারা এবছরের বাজেটে উচ্চতর শিক্ষা খাতকে অগ্রাধিকার দিয়েছেন, বিশেষ করে TAP সম্প্রসারণের ক্ষেত্রে, নিজেদের ডিগ্রি অর্জনে সচেষ্ট অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে জীবন পাল্টে দেওয়ার মতো সুযোগ প্রদান করছেন। নিউ ইয়র্ক স্টেটের অনন্য টিউশন সহায়তা কর্মসূচি দীর্ঘ সময় ধরে আমাদের SUNY ক্যাম্পাসগুলোতে অফার করা উচ্চ-মানের শিক্ষা গ্রহণে আগ্রহী শিক্ষার্থীদের আর্থিক সহায়তা প্রাপ্তির নোঙ্গর হিসেবে ভূমিকা পালন করে আসছে। খণ্ডকালীন ভিত্তিতে কলেজে ভর্তি হওয়া

হাজার হাজার শিক্ষার্থী, যাদের জীবন প্রায় ক্ষেত্রেই ইতোমধ্যে পরিবার ও কর্মস্থলের দায়িত্ব দিয়ে পূর্ণ হয়ে আছে তাদেরকে আওতাভুক্ত করার জন্য TAP সম্প্রসারণ করা তাদের কলেজ ডিগ্রি সম্পন্ন করার স্বপ্ন পূরণের বাড়তি প্রেরণা হিসেবে কাজ করতে পারে।"

CUNY-এর চ্যান্সেলর ফেলিক্স ভি মাতোস রডরিগেজ বলেন, "খণ্ডকালীন শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করার জন্য TAP-এর এই নজিরবিহীন সম্প্রসারণ সামাজিক গতিশীলতার উর্ধ্বগতির একটি পথ এবং ভালো বেতনের কর্মসংস্থান তৈরি করার মাধ্যমে হাজার হাজার নিউ ইয়র্কবাসীর জীবনে রূপান্তরমূলক প্রভাব ফেলবে, এবং একইসাথে নিউ ইয়র্কের মহামারী পরবর্তী পুনরুদ্ধারের চালিকা শক্তি হিসেবে কাজ করবে। আমরা গভর্নর হোকলকে তার নেতৃত্বের জন্য এবং বাবা-মায়েরা সহ আমাদের হাজার হাজার খণ্ডকালীন শিক্ষার্থীর জন্য তাদের শিক্ষা অর্জনের স্বপ্ন পূরণে এগিয়ে যাওয়া সম্ভব করে তোলার জন্য আইনপ্রণেতাদেরকে ধন্যবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের হায়ার এডুকেশন সার্ভিসেস কর্পোরেশন (Higher Education Services Corporation)-এর প্রেসিডেন্ট ড. গুইলার্মো লিনারেস বলেন, "ইতোমধ্যে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে তাদের কলেজ শিক্ষা সম্পন্ন করার স্বপ্ন পূরণে সাহায্য করেছে এমন একটি কর্মসূচি সম্প্রসারণের জন্য আমি গভর্নর হোকলের প্রশংসা করি। এই সম্প্রসারণ আমাদের স্টেটজুড়ে আরো বেশি সংখ্যক শিক্ষার্থীর জন্য কলেজ ডিগ্রি অর্জন আরো বেশি সুলভ করে তুলতে আর্থিক সহায়তার অ্যাক্সেস প্রদান করবে, যারা তাদের অন্যান্য দায়িত্বের কারণে পূর্ণকালীনভাবে শিক্ষা অর্জন করতে পারছে না, এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর মধ্যে সমতার ব্যবধান কমিয়ে আনবে এবং উর্ধ্বমুখী গতিশীলতা ত্বরান্বিত করবে।"

স্টেট সিনেটর টোবি অ্যান স্ট্যাভিস্কি বলেন, "2022-2023 অর্থবছরের বাজেটে খণ্ডকালীন TAP পাশ করা আরো বেশি শিক্ষার্থীকে কলেজে ভর্তি হওয়ার সক্ষমতা প্রদান করবে। বহু কলেজে ভর্তি হওয়া শিক্ষার্থীর সংখ্যা ব্যাপকভাবে কমে গেছে এবং এসব খণ্ডকালীন অনুদান বয়স্ক, কর্মজীবী, ও অ-প্রচলিত ধারার শিক্ষার্থীদেরকে তাদের শিক্ষা অর্জন অব্যাহত রাখার জন্য ক্ষমতায়ন করবে।"

স্টেট সিনেটর ব্রায়ান কাভানাঘ বলেন, "টিউশন সহায়তা কর্মসূচি কলেজ শিক্ষা সম্পন্ন করার জন্য সচেষ্ট কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করেছে। আনুমানিক 75,000 খণ্ডকালীন শিক্ষার্থীকে অংশগ্রহণের সক্ষমতা প্রদান করতে এই কর্মসূচির 150 মিলিয়ন ডলারের সম্প্রসারণ আমাদের সরকারি কলেজগুলোতে এবং উচ্চতর শিক্ষা অর্জনে সচেষ্ট নিউ ইয়র্কবাসীদের উপর বিনিয়োগ করার একটি চমৎকার উপায়, এবং এই কাজে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। আমরা উচ্চতর শিক্ষায় সমতা, অ্যাক্সেস, ও সুলভতার মতো অতি গুরুত্বপূর্ণ বিষয়গুলো নিয়ে কাজ করছি। খণ্ডকালীন শিক্ষার্থীরা প্রায় ক্ষেত্রেই বিশেষ কিছু চ্যালেঞ্জের সম্মুখীন হন কারণ তাদের মধ্যে অনেকেই একটি ডিগ্রি অর্জনের পাশাপাশি অন্যান্য দায়িত্ব পালন, যেমন কর্মসংস্থান, পরিবারের দেখাশোনা করা, স্বাস্থ্য সমস্যা, এবং আরো অনেক কিছুর মধ্যে ভারসাম্য রক্ষা করে চলেছেন। এসব শিক্ষার্থী যাতে উচ্চতর শিক্ষা অর্জনের পথে এগিয়ে যাওয়ার সুযোগ থেকে বঞ্চিত না হয় সে বিষয়টি নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই TAP-এর জন্য এই বিনিয়োগে সহায়তা করতে

পেরে আমি গর্বিত, এবং এছাড়াও আমি এত বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর জন্য শিক্ষার সুযোগ প্রদান করতে তাদের নিবেদিত প্রচেষ্টার জন্য বরো অব ম্যানহাটন কমিউনিটি কলেজের (Borough of Manhattan Community College) শিক্ষার্থী, ফ্যাকাল্টি, ও কর্মীদের কমিউনিটিকে ধন্যবাদ জানাতে চাই, যে কলেজের প্রতিনিধিত্ব করতে পেরে আমি গর্বিত।"

অ্যাসেম্বলি সদস্য ডেবোরা গ্লিক বলেন, "অ্যাসেম্বলির উচ্চতর শিক্ষা বিষয়ক কমিটির সভাপতি হিসেবে আমার জানা আছে যে TAP কর্মসূচি আমাদের স্টেটে শিক্ষাগত ও অর্থনৈতিক সুযোগ-সুবিধার ভিত্তিস্বরূপ। আমি এই কর্মসূচিকে শক্তিশালী করার জন্য অব্যাহতভাবে লড়াই করে আসছি যাতে উচ্চতর শিক্ষা কর্মসূচিতে অংশগ্রহণ করতে আগ্রহী যেকোনো নিউ ইয়র্কবাসী তাদের প্রয়োজনীয় সহায়তা পেতে পারেন, এবং আমি রোমাঞ্চিত যে এই সম্প্রসারণ ঠিক সেই কাজটিই করবে। খণ্ডকালীন শিক্ষার্থীরা প্রায় ক্ষেত্রেই অ-প্রচলিত ধারার শিক্ষার্থী ও বয়স্ক ব্যক্তি হয়ে থাকেন যারা কর্মস্থলে ও পারিবারিক দায়িত্বের মধ্যে ভারসাম্য রক্ষা করে শিক্ষা অর্জনের সুযোগ কাজে লাগাচ্ছেন। আমি কৃতজ্ঞ যে তারা এখন আর স্টেটের আর্থিক সহায়তা অ্যাক্সেস করতে না পারার ফলে আর্থিক প্রতিবন্ধকতার সম্মুখীন হবেন না। এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য আমি গভর্নর হোকলকে এবং কর্মসূচিটির সম্প্রসারণে তাদের সহায়তার জন্য আইনসভায় আমার সহকর্মীদেরকে ধন্যবাদ জানাতে চাই।"

CUNY-এর ফ্যাকাল্টি ও পেশাজীবী কর্মীদের প্রতিনিধিত্বকারী ইউনিয়ন প্রফেশনাল স্টাফ কংগ্রেস (Professional Staff Congress)-এর প্রেসিডেন্ট জেমস ড্যাভিস বলেন, "CUNY-তে একাধিক বছর মেয়াদী পুনঃবিনিয়োগের জন্য তার পরিকল্পনার অংশ হিসেবে খণ্ডকালীন TAP-কে অন্তর্ভুক্ত করায় আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। উচ্চ মানের সরকারি উচ্চতর শিক্ষার সম্ভাব্য সবচেয়ে বিস্তৃত অ্যাক্সেস নিশ্চিত করতে কাজ করার এই সময়ে আমরা গভর্নরের সঙ্গে সহযোগী হয়ে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা রাখি। খণ্ডকালীন TAP ভর্তির ব্যাপারে সাহায্য করবে এবং আমাদের শিক্ষার্থীদেরকে খণ্ডকালীন ভিত্তিতে একটি কলেজ ডিগ্রি অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে, যাদের মধ্যে অনেকেই বাবা-মা এবং কর্মজীবী।"

NYPIRG-এর প্রোগ্রাম ডিরেক্টর মেগান অ্যাহার্ন বলেন, "নিউ ইয়র্কের টিউশন সহায়তা কর্মসূচি দেশের অন্যতম সর্বাধিক শক্তিশালী আর্থিক সহায়তা কর্মসূচি। খণ্ডকালীন শিক্ষার্থীদের জন্য এটির সাম্প্রতিক সম্প্রসারণ শিক্ষার সমতা নিয়ে আসার জন্য অতি প্রয়োজনীয় একটি পদক্ষেপ। খণ্ডকালীন শিক্ষার্থীরা প্রায় ক্ষেত্রেই পরিবারকে সহায়তা করে থাকেন, এবং কর্মস্থলের ও অন্যান্য দায়িত্ব পালন করেন। তাদের কলেজ ডিগ্রি অর্জনের পথে উৎসাহিত করা ও সহায়তা করা সাধারণভাবে বিবেচনায় আসার মতো একটি ব্যাপার। এটি পাশ করায় আমরা গভর্নর হোকলের প্রশংসা করছি এবং শিক্ষার্থীদেরকে আজই তাদের FAFSA ও স্টেট আবেদন পূরণ করতে উৎসাহিত করছি।"

নিউ ইয়র্ক স্টেটের সরকারি কলেজ ও বিশ্ববিদ্যালয়গুলোতে কিভাবে আবেদন করতে হবে সে সম্পর্কিত আরো তথ্য পেতে SUNY ক্যাম্পাসগুলোর জন্য ভিজিট করুন www.suny.edu/attend/apply-to-suny/ ঠিকানায় এবং CUNY স্কুলগুলোর জন্য ভিজিট করুন www.cuny.edu/admissions/apply-to-cuny/#apply ঠিকানায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন